SALCO
South Asian Legal Clinic of Ontario

# পারিবারিক হিংসার শিকার ব্যক্তিদের জন্য অস্থায়ী আবাসিক পারমিট
# (Temporary Resident Permit, TRP)

## পারিবারিক হিংসার শিকার ব্যক্তিদের জন্য TRP বলতে কী বোঝায়?

আপনি পারিবারিক হিংসা বা নির্যাতনের সম্মুখীন হলে এবং কানাডায় আপনার কোনো অভিবাসনগত মর্যাদা না থাকলে আপনি পারিবারিক হিংসার শিকার ব্যক্তিদের জন্য বিদ্যমান বিশেষ পারমিটের জন্য আবেদন করতে পারেন, যা অস্থায়ী আবাসিক পারমিট (TRP) হিসাবে পরিচিত। TRP সাধারণত এমন কাউকে দেওয়া হয় যিনি "অগ্রহণযোগ্য", অর্থাৎ যিনি নির্দিষ্ট কারণে কানাডায় প্রবেশ বা অবস্থান করতে পারেন না, বা যিনি অভিবাসন আইনের শর্ত পূরণ করেন না। সেক্ষেত্রে, যুক্তিসঙ্গত হলে TRP কোনো ব্যক্তিকে অল্প সময়ের জন্য কানাডায় অবস্থান করার অনুমতি প্রদান করে। পারিবারিক হিংসার (TRP-FV) জন্য TRP বিশেষত এমন ব্যক্তিদের জন্য যারা পরিবারে নির্যাতনের শিকার হচ্ছেন এবং কানাডায় তাদের কোনো অভিবাসনগত মর্যাদা নেই বা মর্যাদা হারিয়েছেন।

## পারিবারিক হিংসার শিকার ব্যক্তিদের জন্য TRP পাওয়ার যোগ্যতা কী?

**আপনি পারিবারিক হিংসার শিকার ব্যক্তিদের জন্য TRP পেতে আবেদন করতে পারেন যদি:**

- আপনি কানাডায় বসবাস করছেন এবং আপনার স্বামী/স্ত্রী বা সাধারণ-আইনি সঙ্গীর কাছ থেকে নির্যাতনের সম্মুখীন হচ্ছেন এবং;
- আপনি স্থায়ী আবাসের (PR) জন্য আবেদন করেছেন বা আবেদন করতে ইচ্ছুক হলে আপনার PR মর্যাদা প্রাপ্তি নির্ভর করবে আপনার স্বামী/স্ত্রী/সঙ্গীর সাথে নির্যাতনমূলক সম্পর্কে থাকার উপর।
- আপনার কোন অভিবাসনগত মর্যাদা নেই

সাময়িক মর্যাদা (যেমন ভ্রমণ ভিসা) থাকলে আপনি আবেদন করতে পারবেন। দ্রষ্টব্য: আপনার বৈধ অস্থায়ী ভিসা (যেমন ভ্রমণ ভিসা, ওয়ার্ক পারমিট, বা স্টাডি পারমিট) থাকলে আপনার আবেদন প্রত্যাখ্যান করা হতে পারে এবং আপনার বৈধ মর্যাদা শেষ হলে এবং তা পুনরুদ্ধারের সময়সীমা শেষ হয়ে গেলে আপনাকে আবেদন করতে হতে পারে। এটি একটি জটিল সিদ্ধান্ত হতে পারে এবং আপনি কোনো আইনজীবীর সাথে কথা বলতে চাইতে পারেন।

**আপনি যোগ্য হতে পারেন এমন কিছু পরিস্থিতির উদাহরণ:**

- আপনার স্বামী/স্ত্রী বা সঙ্গী আপনার PR-এর জন্য স্পনসর করার লক্ষ্যে আবেদন করেছেন, কিন্তু আপনি নির্যাতনের কারণে তাকে ছেড়ে গেছেন বা অভিবাসনগত মর্যাদা হারাবার ভয়ে ছেড়ে যাননি
- আপনার নির্যাতনকারী স্বামী/স্ত্রী বা সঙ্গী তার স্পন্সরশীপ বা জামিনদারির আবেদন প্রত্যাহার করেছেন।
- আপনার নির্যাতনকারী স্বামী/স্ত্রী বা সঙ্গী বলেছিলেন যে স্পন্সরশীপ বা জামিনদারির আবেদন জমা দেবেন কিন্তু দেননি
- আপনি কোনো দর্শনার্থী, কর্মী বা শিক্ষার্থী হিসাবে কানাডায় এসেছিলেন এবং আপনার স্বামী/স্ত্রী বা সঙ্গীর মাধ্যমে PR-এর জন্য আবেদন করার প্রত্যাশা করেছিলেন, কিন্তু সে সম্পর্ক নির্যাতনমূলক হয়ে উঠেছে এবং আপনার স্বামী/স্ত্রী বা সঙ্গী জামিনদারের আবেদন জমা দেননি

***যখন আপনি TRP FV-এর জন্য আবেদন করবেন, সেই একই সময়ে আপনি ওয়ার্ক পারমিটের জন্যও আবেদন করতে পারেন, যা আপনাকে কানাডায় অবস্থানকালে কাজ করার অনুমতি দেবে। এছাড়াও আপনি অস্থায়ী স্বাস্থ্য বিমা পেতে পারেন।**

**দ্রষ্টব্য: আপনি প্রথমবার আবেদন করার সময় এই আবেদনের জন্য কোনো ফী লাগবে না। আপনি প্রথমবারের পরে আবার TRP-এর জন্য আবেদন করলেই কেবল আপনাকে ফী দিতে হবে। আপনার প্রাথমিক পারমিটও বিনামূল্যে পাওয়া যাবে, তবে আপনি তা পুনর্নবীকরণ করলে আপনাকে অর্থ পরিশোধ করতে হবে।**

SALCO
South Asian Legal Clinic of Ontario

## নির্যাতন/পারিবারিক হিংসার উদাহরণ

**নির্যাতন/পারিবারিক হিংসার অনেক ধরন রয়েছে। কয়েকটি উদাহরণ হলো:**

- যৌন নির্যাতন
- শারীরিক নির্যাতন
- আর্থিক নির্যাতন
- মানসিক নির্যাতন
- অবহেলা
- বিচ্ছিন্নতা / আপনাকে পরিবার বা বন্ধুদের সাথে দেখা করতে বা কথা বলতে বা ক্লাস বা কাজ করার অনুমতি না দেওয়া

**দ্রষ্টব্য: নির্যাতনকে হিংসা হিসাবে বিবেচনা করার জন্য সেটা শারীরিকই হতে হবে এমন নয়।**

## পারিবারিক হিংসার প্রমাণ

আপনি যে হিংসার সম্মুখীন হয়েছেন সেটার প্রমাণ থাকা ভালো, কারণ তা অভিবাসন কর্মকর্তাকে আপনার পক্ষে সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করবে। তবে আপনার কাছে কোনো প্রমাণ না থাকলেও সমস্যা নেই। এই পরিস্থিতিতে আপনার সাথে কী ঘটেছে তা আপনার নিজের ভাষায় IRCC-কে ব্যাখ্যা করতে হবে। আপনার কাছে কোনো প্রমাণ থাকলে আবেদনের সাথে তা সংযুক্ত করতে পারেন। প্রমাণ/চিহ্নের কিছু উদাহরণ হলো:

- প্রত্যক্ষদর্শীর বিবৃতি
- পুলিশ রেকর্ড
- আপনার ডাক্তার বা আপনি চিকিৎসা নিয়েছেন এমন অন্য কোনো চিকিৎসা সম্পর্কিত পেশাজীবির চিঠি (মনোরোগ বিশেষজ্ঞ, মনোবিজ্ঞানী, থেরাপিস্ট, কাউন্সেলর, নার্স, বা অন্যান্য চিকিৎসা সম্পর্কিত পেশাজীবি)
- সমাজকর্মী বা সহায়তাকর্মীর চিঠি
- আশ্রয়কেন্দ্রের কর্মীদের কাছ থেকে চিঠি

- আপনার ধর্মের কোনো সদস্যের চিঠি (উদাহরণ: ইমাম, পুরোহিত)
- আঘাতের ছবি
- নির্যাতনকারীর থেকে প্রাপ্ত ইমেইল বা বার্তা

ইমিগ্রেশন, রিফিউজি অ্যান্ড সিটিজেনশীপ কানাডা বা কানাডা অভিবাসন, শরণার্থী এবং নাগরিকত্ব (IRCC) বিভাগের একজন কর্মকর্তা আপনার প্রদত্ত কাগজপত্রের ভিত্তিতে সিদ্ধান্ত নিতে পারেন। আপনার পক্ষে নিরাপদ ও সমস্যাহীন বলে মনে হলে তারা আপনাকে ফোনের মাধ্যমে বা ব্যক্তিগতভাবে সাক্ষাৎকারের জন্যও অনুরোধ জানাতে পারেন।

## আমার পারিবারিক হিংসার শিকার ব্যক্তিদের জন্য TRP কতদিনের জন্য বৈধ থাকবে?

IRCC কর্মকর্তা ন্যূনতম 6 মাসের জন্য, এবং বেশীরভাগ ক্ষেত্রে 12 মাসের জন্য TRP জারি করেন।

**কতদিনের জন্য আপনার TRP পাওয়া উচিত তা নির্ধারণ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করেন:**

- কানাডার সাথে আপনার সম্পর্ক
- সন্তানের হেফাজত বা পারিবারিক আইন সম্পর্কিত বিষয়
- চিন্তাভাবনা করার জন্য এবং অন্যান্য অভিবাসন বিকল্প বিবেচনা করার জন্য আপনার যেই সময় প্রয়োজন
- আপনাকে নির্যাতনকারীর হাত থেকে পালানোর সুযোগ প্রদান যাতে আপনি ভবিষ্যৎ পদক্ষেপের বিষয়ে অবহিত সিদ্ধান্ত নিতে পারেন
- আপনাকে হিংসা থেকে রক্ষা করার জন্য অন্য যেকোনো কারণ যা সংশ্লিষ্ট কর্মকর্তা গুরুত্বপূর্ণ বলে মনে করেন

SALCO
South Asian Legal Clinic of Ontario

## কিভাবে আবেদন করবেন:

- আপনি আপনার নিকটতম স্থানীয় IRCC অফিসে TRP আবেদন জমা দিয়ে আবেদন করতে পারেন। TRP-এর জন্য আবেদন করার সময়েই ওয়ার্ক পারমিটের জন্যও আবেদন করতে পারেন।
- আবেদনসমূহ IRCC-এর ওয়েবসাইটে রয়েছে
- আপনার আইনজীবী থাকলে তারা আপনার হয়ে আবেদন জমা দিতে পারবেন।

**আপনার কোনো আইনজীবী না থাকলে এবং TRP-এর জন্য আবেদন করার ব্যাপারে নিশ্চিত না হলে, অথবা TRP বা আপনার অন্যান্য অভিবাসন বিকল্প সম্পর্কে তথ্য চাইলে আপনি:**

- 1-888-242-2100 ( [TTY] 1-888-576-8502)-এ IRCC গ্রাহক সহায়তা কেন্দ্রে (CSC) যোগাযোগ করতে পারেন
- সরাসরি স্থানীয় IRCC কার্যালয়ে যেতে পারেন
- IRCC-এর ওয়েবসাইটে প্রাপ্ত কোনো অনলাইন ওয়েব ফর্মে আপনার অনুসন্ধান জমা দিতে পারেন

## প্রক্রিয়াকরণের সময়:

IRCCর এই রকম ধরণের আবেদনের উপর দ্রুত কাজ করার অভিপ্রায় থাকলেও, এই প্রক্রিয়া কত দ্রুত হবে সেটার কোনো নিশ্চয়তা নেই।